**Office of the Director (Research)**
Jagannath University
9-10, Chittaranjan Avenue
Dhaka 1100, Bangladesh

**পরিচালক (গবেষণা) দপ্তর**
জগন্নাথ বিশ্ববিদ্যালয়
৯-১০ চিত্তরঞ্জন এ্যাভিনিউ
ঢাকা-১১০০, বাংলাদেশ

জবি/প(গ)দ/কেরিক-৩৮/২০২৪/ ১৬৭

তারিখ: ২০ ফেব্রুয়ারি ২০২৫

পরিচালক/চেয়ারম্যান

...................................................(সকল) ইনস্টিটিউট/বিভাগ
জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা।

**বিষয়: জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের 'কেন্দ্রীয় রিসার্চ কমিটি'র সিদ্ধান্ত অবহিতকরণ।**

মহোদয়,

উর্পযুক্ত বিষয়ে আপনার সদয় অবগতি ও কার্যার্থে জানাচ্ছি যে, গত ২৬ জানুয়ারি ২০২৫ তারিখ 'কেন্দ্রীয় রিসার্চ কমিটি'র ১৭-তম সভায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ কর্তৃক রাজস্ব তহবিলের অর্থায়নে সম্পন্নকৃত গবেষণা প্রকল্প হতে প্রাপ্ত তথ্য ও উপাত্ত শিক্ষার্থী ও নবীন গবেষকদের জন্য উন্মুক্ত করে দেওয়ার বিষয়ে একমত পোষণ করা হয়। এই লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের গবেষণা দপ্তরে অদ্যাবধি শিক্ষকবৃন্দের জমাকৃত গবেষণা প্রকল্পের চূড়ান্ত প্রতিবেনসমূহের ৩ (তিন) কপির মধ্যে ১ (এক) কপি গবেষণা দপ্তরে সংরক্ষণপূর্বক, অপর ২ (দুই) কপির ১ (এক) কপি কেন্দ্রীয় লাইব্রেরি এবং ১ (এক) কপি সংশ্লিষ্ট ইনষ্টিটিউট/বিভাগের সেমিনার লাইব্রেরিতে সংরক্ষণের জন্য প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায়, উপর্যুক্ত সিদ্ধান্ত মোতাবেক আপনার ইনষ্টিটিউট/বিভাগের শিক্ষকবৃন্দের অদ্যাবধি জমাকৃত গবেষণা প্রকল্পের চূড়ান্ত প্রাতিবেদনসমূহের ১(এক)টি করে কপি শীঘ্রই আপনার ইনষ্টিটিউট/বিভাগে প্রেরণ করা হবে। এই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য আপনাকে আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে,

20.02.2025

**(অধ্যাপক ড. ইমরানুল হক)**
পরিচালক (গবেষণা)

জবি/প(গ)দ/কেরিক-৩৮/২০২৪/

তারিখ: ২০ ফেব্রুয়ারি ২০২৫

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. ডীন, সকল অনুষদ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
২. গ্রন্থাগারিক, কেন্দ্রীয় গ্রন্থাগার, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৩. পরিচালক (আইসিটি সেল), জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা *(পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)*;
৪. ডেপুটি রেজিস্ট্রার/পিএস টু ভিসি, উপাচার্য দপ্তর, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা *(উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)*;
৫. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার দপ্তর, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা *(ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য)*;
৬. সহকারী রেজিস্ট্রার, ব্যক্তিগত শাখা, রেজিস্ট্রার দপ্তর, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা *(রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য)*;
৭. অফিস/সংরক্ষণ নথি।

20.02.2025

**(মোঃ আল হেলাল উদ্দিন)**
ডেপুটি রেজিস্ট্রার